অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের কল্যাণে

পশ্চিমবঙ্গ অনগ্রসর সম্প্রদায় উন্নয়ন ও বিত্ত নিগম

পশ্চিমবঙ্গ সরকারের একটি প্রয়াস

হেমন্ত ভবন (২য় তল)

১২, বি-বা-দী বাগ, কলকাতা-৭০০ ০০১

ওয়েস্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভেলপমেন্ট অ্যান্ড ফাইনান্স কর্পোরেশন

পশ্চিমবঙ্গ সরকার ১৯৯৫ সালে একটি নতুন আইন প্রণয়ন করে (Act XXIX of 1995) অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের অধীনে পশ্চিমবঙ্গ অনগ্রসর সম্প্রদায় উন্নয়ন ও বিত্ত নিগম তৈরি করেছেন। এই নিগমের উদ্দেশ্য অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের দারিদ্রসীমার দ্বিগুণের নিচে বসবাসকারী ব্যক্তিদের বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্পে সহজ শর্তে ঋণ দিয়ে আর্থিকভাবে স্বয়ম্ভর করে তোলা। জাতীয় স্তরে কেন্দ্রীয় সরকার ১৯৯২ সালে একই উদ্দেশ্যে জাতীয় অনগ্রসর সম্প্রদায় বিত্ত ও উন্নয়ন নিগম তৈরি করেছেন। রাজ্য নিগম জাতীয় নিগমের স্টেট চ্যানেলাইজিং এজেন্সি হিসাবে কাজ করে। সাধারণভাবে মোট প্রকল্প ব্যয়ের ৮৫ শতাংশ বহন করে জাতীয় নিগম, ১০ শতাংশ বহন করে রাজ্য নিগম, অবশিষ্ট ৫ শতাংশ ঋণগ্রহীতাকে বহন করতে হয়।

১৯৯৯ সালে ২৬ মার্চ রাজ্য নিগমের নিজস্ব কার্যালয় স্থাপিত হয়েছে।

জেলাস্তরে অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিকগণ এই প্রকল্প রূপায়ণের দায়িত্বে আছেন। এ সম্পর্কে সরকারি আদেশনামা ও নির্দেশিকাবলী অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ থেকে বের হয়েছে। উপকৃত নির্বাচন-এর জন্য জেলা পরিষদের সভাধিপতি, জেলাশাসক ও প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিককে নিয়ে তিন সদস্যের একটি কমিটি করা হয়েছে।

যোগ্যতা

(১) ঋণগ্রহীতাকে এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(২) নির্দিষ্ট কর্তৃপক্ষ-প্রদত্ত ওবিসি সার্টিফিকেট থাকতে হবে।

(৩) পরিবারের মোট বাৎসরিক আয় গ্রামাঞ্চলে ৪০,০০০ টাকা ও শহরাঞ্চলে ৫৫,০০০ টাকার মধ্যে হতে হবে।

(৪) ব্যাঙ্ক বা কোনো আর্থিক প্রতিষ্ঠানে অনাদায়ী ঋণ থাকা চলবে না।

(৫) প্রস্তাবিত প্রকল্পে অভিজ্ঞতা/প্রশিক্ষণ থাকা বাঞ্ছনীয়।

(৬) বয়স ১৮ বৎসর থেকে ৫০ বৎসরের মধ্যে হতে হবে।

(৭) আবেদনপত্রের সঙ্গে একটি প্রকল্প জমা দিতে হবে।

আবেদন করার পদ্ধতি

ছাপানো আবেদনপত্র স্থানীয় পঞ্চায়েত সমিতি/মিউনিসিপ্যালিটি/কর্পোরেশন অফিসে পাওয়া যাবে। এই ফর্মের জেরক্স করেও আবেদন করা যাবে।

যথাযথভাবে পূরণ করা প্রয়োজনীয় নথিসহ আবেদনপত্র স্থানীয় পঞ্চায়েত সমিতি/মিউনিসিপ্যালিটি/কর্পোরেশনের মাধ্যমে প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিকের কাছে পাঠাতে হবে।

ব্যাঙ্ক

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্কের বিভিন্ন শাখা ও জেলা কেন্দ্রী সমবায় ব্যাঙ্কের মাধ্যমে ঋণ প্রদান ও আদায় করা হয়।

(ক) টার্ম লোন

(১)	এন.বি.সি.এফ.ডি.সি. নিগম	৮৫ %
(২)	ডব্লিউ.বি.সি.ডি.এফ.সি.	১০ %
(৩)	লভ্যার্থীর দেওয়া	৫ %

(খ) মার্জিন মানি

(১)	এন.বি.সি.এফ.ডি.সি.	৪০ %
(২)	ডব্লিউ.বি.সি.ডি.এফ.সি.	৫ %
(৩)	ব্যাঙ্ক লোন	৫০ %
(৪)	লভ্যার্থীর দেওয়া	৫ %
	ঋণের সুদ	৬ % (বাৎসরিক

পরিশোধ

সুদসহ ঋণ পাঁচ বছরের মধ্যে ২০টি ত্রৈমাসিক কিস্তিতে উ তারিখ (পোস্ট ডেটেড) চেকের মাধ্যমে শোধ দিতে হয়। পরিব প্রকল্পের ক্ষেত্রে ৬০টি মাসিক কিস্তিতে পরিশোধ করতে হয়।

প্রকল্প নির্বাচন

আর্থিকভাবে লাভজনক এবং ব্যবসায়িকভাবে সফল যে কো প্রকল্পে ঋণ দেওয়া হয়। ঋণের সর্বোচ্চ পরিমাণ ৫ লক্ষ টাব অনুমোদিত প্রকল্পগুলিতে সরাসরি ঋণ পাওয়া যায়। অন্যান্য ক্ষে জাতীয় নিগমের অনুমোদন প্রয়োজন।

কয়েকটি বিশেষ প্রকল্প

মাইক্রো ক্রেডিট ফাইনান্সিং

অনগ্রসর শ্রেণিভুক্ত ব্যক্তিদের বিশেষত মহিলাদের জন্য প্রদান ব্যবস্থার উন্নতিকল্পে এন.বি.সি.এফ.ডি.সি মাইক্রো ক্রেডি ফাইনান্স চালু করেছে। এই ব্যবস্থা সরাসরি স্টেট চ্যানেলাই এজেন্সি দ্বারা স্বীকৃত এন.জি.ও.দের মাধ্যমে বা সেলফ্ হেল্প গ্রুপ- মাধ্যমে রূপায়িত হয়।

এই প্রকল্পের বিশেষ দিকগুলি হল

১।	ঋণের পরিমাণ	:	এন.জি.ও. প্রতি সর্বোচ্চ ৫ ল টাকা
		:	লভ্যার্থী পিছু সর্বোচ্চ ২৫ হাজ টাকা
২।	পরিশোধের সময়সীমা	:	৩৬ মাস
	ঋণের ওপর সুদের হার	:	বাৎসরিক ৫ %

স্বর্ণীমা

অনগ্রসর ব্যক্তিদের বিশেষ করে অনগ্রসর শ্রেণিভু মহিলাদের স্ব-নির্ভর করার উদ্দেশ্যে ‘স্বর্ণীমা ফর উইমেন’ নামে এক

বিশেষ প্রকল্প চালু করেছে। এই প্রকল্পের উল্লেখযোগ্য দিকগুলি এইরূপ :

- লাভার্থী মহিলাকে নিজের কোনো অর্থ লগ্নি করতে হবে না।
- এই প্রকল্পে লাভার্থী পিছু সর্বোচ্চ ঋণের পরিমাণ ৫০,০০০ টাকা।
- সাধারণ ঋণের ক্ষেত্রে যেখানে সুদের পরিমাণ বাৎসরিক ৬ শতাংশ, এই ক্ষেত্রের ঋণের উপর সুদের হার বাৎসরিক ৪ শতাংশ।

যোগ্যতাবলী

ভারত সরকার/রাজ্য সরকার কর্তৃক সময় সময় জারি করা অনুদেশের অন্তর্গত দারিদ্রসীমার মধ্যে অনগ্রসর শ্রেণিভুক্ত মহিলারা এই প্রকল্পে ঋণ পেতে পারে।

শিক্ষাঋণ

এন.বি.সি.এফ.ডি.সি. 'এডুকেশনাল লোন স্কিম' (শিক্ষাঋণ প্রকল্প) চালু করেছে। এর উদ্দেশ্য দারিদ্রসীমার দ্বিগুণের নিচে বসবাসকারী অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্র/ছাত্রীদের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে বৃত্তিমূলক/কারিগরি শিক্ষা অর্জনে শিক্ষার জন্য ঋণ দেওয়া হয়।

ঋণের উপর সুদ

বাৎসরিক ৪ শতাংশ (০.৫ শতাংশ ছাড় সময় নির্ধারিত পরিশোধের ক্ষেত্রে)।

পরিশোধের নিয়মাবলী

কোর্স শেষ হওয়ার ৬ মাস পর থেকে অথবা চাকুরিপ্রাপ্ত বা স্ব-নির্ভর প্রকল্পে নিযুক্তি যেটি আগে হবে, সেই সময় থেকে পরিশোধ প্রক্রিয়া শুরু হবে। পরিশোধের সর্বোচ্চ সময়সীমা ৫ বৎসর মাসিক ভিত্তিতে। অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্র/ছাত্রীদের এই ঋণ পাওয়ার জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান অথবা জেলা মঙ্গল আধিকারিকের মাধ্যমে যোগাযোগ করতে হবে।

ট্রেনিং প্রকল্প

অনগ্রসর শ্রেণিভুক্ত ব্যক্তিদের কারিগরি মেধা এবং শিল্প পরিচালনা মেধা উন্নীত করার জন্য এন.বি.সি.এফ.ডি.সি. প্রোজেক্ট লিঙ্কড় ট্রেনিং-এর ব্যবস্থা করে থাকে।

অনগ্রসর শ্রেণিভুক্ত ব্যক্তিদের ট্রেনিং দেওয়ার উদ্দেশ্য যাতে তারা কারিগরি শিক্ষা অর্জনের মাধ্যমে ব্যবসায়িক এবং কারিগরি বৃত্তিমূলক স্বনির্ভর প্রকল্প গড়ে তুলতে পারে। এর জন্য স্টেট চ্যানেলাইজিং এজেন্সির মাধ্যমে অনুদান হিসাবে অর্থ সাহায্য দেওয়া হয়।

সাফল্যের সঙ্গে ট্রেনিং শেষ করার পর নিজের ব্যবসা স্থাপনের জন্য সেই সব ট্রেনিরা এন.বি.সি.এফ.ডি.সি-র সাধারণ ঋণ প্রকল্প থেকেও ঋণ পেতে পারেন।

জাতীয় অনগ্রসর সম্প্রদায় উন্নয়ন ও বিত্ত নিগম অনুমোদিত প্রকল্পসমূহ

		(সর্বোচ্চ প্রকল্প ব্যয়) টাকা
১।	অ্যালুমিনিয়াম ফেব্রিক শপ	১,৫০,০০০
২।	বেকারি	৯২,০০০
৩।	ব্যান্ড পার্টি ও অর্কেস্ট্রা	১,২০,০০০
৪।	বিউটি পার্লার	৯০,০০০
৫।	ব্লাঙ্কেট উইভিং	৭৪,০০০
৬।	সি আই ওয়েল	৬০,০০০
৭।	কার ওয়ার্কশপ	৬৩,৮০০
৮।	ডিস অ্যান্টিনা	৯০,০০০
৯।	ইলেকট্রনিক সার্ভিস সেন্টার	৮০,০০০
১০।	ইলেকট্রনিক টাইপিং	৬৬,০০০
১১।	এস্টঃ প্রভিশনাল শপ	৬৪,০০০
১২।	ফিশিং বোট ইউনিট	১,২০,০০০
১৩।	জি আই বাকেট ম্যানুফ্যাকচারিং ইউনিট	১,২৪,৫০০
১৪।	জেনারেল ইঞ্জিনিয়ারিং	৭৪,০০০
১৫।	জেনারেল স্টোর	৭৪,০০০
১৬।	গোট রিয়ারিং ইউনিট	৮৪,০০০
১৭।	হেয়ার ব্রাস ম্যানুফ্যাকচারিং	৮২,০০০
১৮।	হাওয়াই চপ্পল	৭৪,৫০০
১৯।	হোটেল	৭৮,০০০
২০।	ইনল্যান্ড প্রনকালচার	৪,৮০,০০০
২১।	আয়রন ইন্ডাস্ট্রি	৮৪,৮০০
২২।	ল্যামিনেশন সেন্টার	৮০,০০০
২৩।	ল্যান্ড পারচেজ-কাম-ইরিগেশন	৮৭,৬০০
২৪।	লন্ড্রি উইথ হাইড্রো এক্সটেনশন	১,২০,০০০
২৫।	লন্ড্রি উইদাউট হাইড্রো এক্সটেনশন	৯০,০০০
২৬।	লাইট ট্রান্সপোর্ট টেম্পো	১,০৯,৫০০
২৭।	লক মেকিং	৬৭,০০০
২৮।	মেডিকেল স্টোর	১,৭৪,০০০
২৯।	মিনি বাস	৪,৪৭,৫০০
৩০।	মডার্ন লন্ড্রি ইউনিট	১,২০,০০০
৩১।	মার্লবেরি সেরিকালচার	১,২৩,০০০

	টাকা
৩২। পেস্টিসাইড শপ	৭২,০০০
৩৩। ফটো কপিয়ার ইউনিট	২,২৪,০০০
৩৪। পাউন্ডিং মিল	৬৬,০০০
৩৫। পাওয়ার লুম	১,২০,০০০
৩৬। রেডিমেড গারমেন্ট অ্যান্ড এমব্রয়ডারি	৮৬,০০০
৩৭। রেফ্রিজারেশন অ্যান্ড এসি রিপেয়ার	৭২,৭৫০
৩৮। রেস্টুরেন্ট	১,০৮,০০০
৩৯। শ' মিল	৯৬,০০০
৪০। শীতলপাটি	৭২,০০০
৪১। এস টি ডি ও পি সি ও বুথ	১,০৩,৫০০
৪২। ট্রাকটর	২,৬৬,০০০
৪৩। ট্রাক	৪,৯০,০০০
৪৪। টায়ার রিট্রিডিং ইউনিট	১,৬৪,৫০০
৪৫। টিউবওয়েল	৪,১০,২৫০
৪৬। ভি ডি ও ক্যামেরা	১,৩০,৫০০
৪৭। উড কাটিং সেন্টার	৮২,৮০০
৪৮। ওয়ার্কশপ ফর টায়ার রিপেয়ার	১,২০,০০০
৪৯। পাওয়ার টিলার	৯০,০০০
৫০। অটোরিক্‌শা/অটো পিক-আপ ভ্যান	৭৫,০০০
৫১। কার্পেন্ট্রি	৬৩,০০০
৫২। সিলভার জুয়েলারি	৬০,০০০
৫৩। ডেয়ারি (দুই গাভী)	৪২,০০০
৫৪। ডেয়ারি (৪ বা ততোধিক গাভী)	১,০০,০০০
৫৫। রিজটাইল ম্যানুফ্যাকচারিং	৬০,০০০
৫৬। ক্লে প্রসেসিং	১,০০,০০০
৫৭। পিসি কালচার	১,০০,০০০
৫৮। পোলট্রি	৭০,০০০
৫৯। টাটা-৪০৭	৪,৩০,০০০
৬০। অ্যামবাসাডার / ট্যাক্‌সি / ট্রেকার	৩,৭০,০০০
৬১। ইনটারনেট ধাবা	২,২৫,০০০
৬২। রেডিমেড গারমেন্টস	৬০,০০০

উপরোক্ত প্রকল্প ব্যতীত ৫০,০০০ টাকা পর্যন্ত প্রকল্প ব্যয় সম্পন্ন যে কোনও প্রকল্প।

পশ্চিমবঙ্গ সরকারের প্রজ্ঞাপিত অনগ্রসর সম্প্রদায়ের তালিকা

১। কাপালী
২। বৈশ্য কাপালী
৩। কুর্মী
৪। সূত্রধর
৫। কর্মকার
৬। কুম্ভকার, কুমার
৭। স্বর্ণকার
৮। তেলি, কলু
৯। নাপিত
১০। যোগি-নাথ
১১। গোয়ালা-গোপ, পল্লভ গোপ, বল্লভ গোপ, যাদব গোপ, গোপ, আহির এবং যাদব
১২। ময়রা-মোদক (হালওয়াই)
১৩। বারুজীবী, বারুই
১৪। সৎচাষী
১৫। মালাকার
১৬। জোলা (আনসারী-মোমিন)
১৭। কাঁসারি
১৮। তাঁতি, তন্তুবায়
১৯। ধানুক
২০। শঙ্খকার
২১। কেওরি / কোইরি
২২। রাজু
২৩। নাগর
২৪। করনী
২৫। শরক
২৬। কোস্তা / কোস্থা
২৭। তাম্বুলি / তামালী
২৮। রনিয়ার
২৯। খ্রিস্টান (অনগ্রসর জাতি থেকে ধর্মান্তরিত)
৩০। লাখেরা / লাহেরা
৩১। ফকির / সাঁই
৩২। কাহার
৩৩। তামাং
৩৪। বেতকার (বেন্তকার)
৩৫। চিত্রকার
৩৬। ভুজেল
৩৭। নেওয়ার
৩৮। মঙ্গার (থাপা, রানা)
৩৯। নেমবাঙ্গ
৪০। সাম্পাঙ্গ
৪১। বাঙ্গচেঙ্গ
৪২। থামি
৪৩। যোগী
৪৪। ধিমল
৪৫। হাওয়ারী
৪৬। ভড়
৪৭। খান্দাইত
৪৮। গাগত
৪৯। তুরাহ
৫০। ধুনিয়া
৫১। পতিদ্বার
৫২। কশাই
৫৩। হেলা / হালিয়া / চাষী-কৈবর্ত
৫৪। বংশী-বর্মন
৫৫। নশ্য-শেখ
৫৬। পহাড়িয়া-মুসলিম
৫৭। খেন
৫৮। সুকলি
৫৯। সুনুওয়ার
৬০। ভড়ভুজা
৬১। দেওয়ান
৬২। রাই (চামলিং)
৬৩। শেরঘা বেদিয়া
৬৪। রায়েন / কুঁতরো